



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৫৪

পরিকল্পনা মন্ত্রী বুধবার রাজশাহী আসছেন

রাজশাহী; ১১ আশ্বিন (২৬ সেপ্টেম্বর):

পরিকল্পনামন্ত্রী এম. এ. মান্নান, এমপি বুধবার (২৮ সেপ্টেম্বর) এক দিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। তিনি বিমানযোগে সকাল নয়টায় রাজশাহী এসে পৌঁছবেন।

সফরসূচি অনুযায়ী, মন্ত্রী এদিন সকাল পৌনে দশটায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবেন। পরে মন্ত্রী রাবি'র কেন্দ্রীয় শহিদ মিনার ও শহিদ অধ্যাপক ড. শামসুজ্জোহার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবেন।

সকাল দশটায় তিনি শহিদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবন চত্বরে বৃক্ষ রোপণ করবেন। সোয়া দশটায় পরিকল্পনামন্ত্রী শহিদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬তম জন্মদিন উপলক্ষ্যে রাবি কর্তৃক আয়োজিত 'শেখ হাসিনা ও বাংলাদেশের উন্নয়ন' শীর্ষক আলোচনা সভায় যোগদান করবেন।

এদিন বিকাল পৌনে ছয়টায় মন্ত্রী বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।##

.....  
তৌহিদ/তাজকিয়া/সিকান্দার/রুহুল/রোকন/ ২০২২/১২.২০ঘ.